



কম্পিউন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

রড বাইন্ডিং

লেভেল - ২

মডিউল শিরোনাম-৪: স্টিরাপ এবং টাই প্রস্তুত করা

(Module-4: Preparing Stirrups and Ties)

মডিউল কোড: CBLM- OU-CON-RB-04-L2-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,

প্রধানমন্ত্রীর কার্যালয়।

১১-১২ তলা, বিনিয়োগ ভবন

ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ইমেইল: ec@nsda.gov.bd

ওয়েবসাইট: www.nstda.gov.bd

ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“স্টিরাপ এবং টাইস প্রস্তুত করা” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত রড বাইন্ডিং লেভেল - ২ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে রড বাইন্ডিং লেভেল - ২ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে। এটি প্রশিক্ষার্থী, প্রশিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ সহায়ক ডকুমেন্ট। এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে রড বাইন্ডিং লেভেল - ২ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। রড বাইন্ডিং এর অন্যতম ইউনিট হচ্ছে “স্টিরাপ এবং টাইস প্রস্তুত করা। এই মডিউল সফলভাবে শেষ করলে টুলস ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করা, স্টিরাপ বা টাইয়ের জন্য রড প্রস্তুত করা, স্টিরাপ বা টাই প্রস্তুত করা. টুলস ও ইকুইপমেন্ট ও কর্মক্ষেত্র বজায় রাখতে পারবেন। একজন দক্ষ কর্মীর জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ কর। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শিট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান কর। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত কর। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন কর। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটিটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

----- তারিখে অনুষ্ঠিত ----- কর্তৃপক্ষ সভায় অনুমোদিত

সূচিপত্র

কপিরাইট.....	ii
সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা	iv
মডিউলের বিষয়বস্তু	১
শিখনফল (Learning Outcome) -১: টুল, ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করতে পারবে.....	২
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-১: টুল, ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করতে পারবে.....	৪
ইনফরমেশন শিট (Information Sheet)-১: টুল, ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করতে পারবে.....	৫
সেলফ চেক (Self Check)-১: টুল, ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করা	৯
উত্তরপত্র (Answer Key) -১: টুল, ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করা	১০
টাস্ক শিট (Task Sheet)-১.১: হ্যান্ড টুলস এবং উপকরণ সনাক্ত করে খালি ঘরে নাম লিখ.....	১১
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ১.১: হ্যান্ড টুলস এবং উপকরণ সনাক্ত করে খালি ঘরে নাম লিখ	১২
টাস্ক শিট (Task Sheet)-১.২: পাওয়ার টুলস সনাক্ত করে খালি ঘরে নাম লিখ.....	১৩
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ১.২: পাওয়ার টুলস সনাক্ত করে খালি ঘরে নাম লিখ.....	১৪
শিখনফল (Learning Outcome)- ২: ষ্টিরাপ বা টাইয়ের জন্য রড প্রস্তুত করতে পারবে.....	১৫
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-২: ষ্টিরাপ বা টাইয়ের জন্য রড প্রস্তুত করতে পারবে	১৬
ইনফরমেশন শিট (Information Sheet) ২: ষ্টিরাপ বা টাইয়ের জন্য রড প্রস্তুত করতে পারবে.....	১৭
সেলফ চেক (Self Check)-২: ষ্টিরাপ বা টাইয়ের জন্য রড প্রস্তুত করতে পারবে	২০
উত্তরপত্র (Answer Key)-২: ষ্টিরাপ বা টাইয়ের জন্য রড প্রস্তুত করতে পারবে.....	২১
জব শিট (Job Sheet)- ২.১ : ষ্টিরাপের জন্য রড সনাক্ত ও মেজারমেন্ট করে হ্যাক-স এবং হ্যান্ড কাটার ব্যবহার করে রড কাটা	২২
স্পেসিফিকেশন শিট (Spesification Sheet)-২.১: ষ্টিরাপের জন্য রড সনাক্ত ও মেজারমেন্ট করে হ্যাক-স এবং হ্যান্ড কাটার ব্যবহার করে রড কাটা	২৩
জব শিট (Job Sheet)- ২.২ : ষ্টিরাপের জন্য রড সনাক্ত ও মেজারমেন্ট করে গ্রাইন্ডিং মেশিন এবং রড কাটার ব্যবহার করে রড কাটা	২৪
স্পেসিফিকেশন শিট (Spesification Sheet)-২.২: ষ্টিরাপের জন্য রড সনাক্ত ও মেজারমেন্ট করে গ্রাইন্ডিং মেশিন এবং রড কাটার ব্যবহার করে রড কাটা	২৬
শিখনফল (Learning Outcome) -৩: ষ্টিরাপ এবং টাইস তৈরী করা	২৭
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) - ৩: ষ্টিরাপ এবং টাইস তৈরী করা	২৯
ইনফরমেশন শিট (Information Sheet)-৩: ষ্টিরাপ এবং টাইস তৈরী করা.....	৩০
সেলফ চেক (Self Check)-৩: ষ্টিরাপ এবং টাই তৈরী করা	৩৮
উত্তরপত্র (Answer Key)-৩: ষ্টিরাপ এবং টাই তৈরী করা	৩৯
জব শিট (Job Sheet) ৩.১ : ৮ এবং ১০ মিলিমিটার রড ব্যবহার করে (১০ × ১২) ইঞ্চি সাইজের ষ্টিরাপ তৈরী করা	৪০
স্পেসিফিকেশন শিট (Spesification Sheet)-৩.১: ৮ এবং ১০ মিলিমিটার রড ব্যবহার করে (১০ × ১২) ইঞ্চি সাইজের ষ্টিরাপ তৈরী করা.....	৪২
জব শিট (Job Sheet) ৩.২ : ৮ এবং ১০ মিলিমিটার রড ব্যবহার করে (১০× ১০) ইঞ্চি সাইজের টাই তৈরী করা.....	৪৩

স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-৩.২: ৮ এবং ১০ মিলিমিটার রড ব্যবহার করে (১০ × ১০) ইঞ্চি সাইজের টাই তৈরী করা.....	৪৫
শিখনফল (Learning Outcome)- ৪: টুল, ইকুইপমেন্ট ও কর্মক্ষেত্র বজায় রাখতে পারবে.....	৪৬
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-৪: টুল, ইকুইপমেন্ট ও কর্মক্ষেত্র বজায় রাখতে পারবে	৪৭
ইনফরমেশন শিট (Information sheet)-৪: টুল, ইকুইপমেন্ট ও কর্মক্ষেত্র বজায় রাখতে পারবে.....	৪৮
সেলফ চেক (Self Check)-৪: টুলস ও ইকুইপমেন্ট ও কর্মক্ষেত্র বজায় রাখতে পারবে	৫৩
উত্তরপত্র (Answer Key)-৪: টুলস ও ইকুইপমেন্ট ও কর্মক্ষেত্র বজায় রাখতে রাখতে পারবে.....	৫৪
জব শিট (Job Sheet)-৪.১ কাজ শেষে টুলস ও ইকুইপমেন্ট পরিকার এবং সংরক্ষণ কর	৫৫
স্পেসিফিকেশন শিট (Specification Sheet) – ৪.১ কাজ শেষে টুলস ও ইকুইপমেন্ট পরিকার এবং সংরক্ষণ কর ...	৫৬
জব শিট (Job Sheet)-৪.২ ওয়ার্কপ্লেসের বর্জ নিষ্কাশন কর	৫৭
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ৪.২ ওয়ার্কপ্লেসের বর্জ নিষ্কাশন কর.....	৫৮
দক্ষতা পর্যালোচনা (Review of Competency).....	৫৯

মডিউলের বিষয়বস্তু

ইউ ও সি শিরোনাম	স্টিরাপ এবং টাই প্রস্তুত করা।
ইউ ও সি কোড	OU-CON-RB-04-L2-V1
মডিউল শিরোনাম	স্টিরাপ এবং টাইস প্রস্তুত করা।
মডিউলের বর্ণনা	এই মডিউলটিতে রড বাইন্ডিং কাজের জন্য স্টিরাপ এবং টাই প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ (কেএসএ) সম্পর্কে অবহিত করা হয়েছে। এতে রড বাইন্ডিংএর জন্য টুলস ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করা, স্টিরাপ বা টাইয়ের জন্য রড প্রস্তুত করা, স্টিরাপ বা টাই প্রস্তুত করা, টুলস ও ইকুইপমেন্ট ও কমক্ষেত্র বজায় রাখার প্রয়োজনীয় দক্ষতাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।
নমিনাল সময়	৬০ ঘন্টা।
শিখনফল	এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্নবর্ণিত কাজ গুলো করতে পারবেন। ১ টুলস ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করতে পারবে ২ স্টিরাপ বা টাইয়ের জন্য রড প্রস্তুত করতে পারবে ৩ স্টিরাপ বা টাই প্রস্তুত করা করতে পারবে ৪ টুলস ও ইকুইপমেন্ট ও কমক্ষেত্র বজায় রাখতে পারবে

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া:

১. ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম(পিপিই) নির্বাচন করা এবং ব্যবহার করা হয়েছে
২. কাজের প্রয়োজনীয়তা অনুসারে সিনিয়রের সহায়তায় ড্রয়িংগুলো সংগ্রহ ও শনাক্ত করা হয়েছে
৩. টুলস ইকুইপমেন্ট কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে
৪. ম্যাটেরিয়াল নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে
৫. বার শিডিউল অনুযায়ী স্টিরাপগুলো চিহ্নিত করা হয়েছে
৬. প্রতিটি স্টিরাপের জন্য মোট দৈর্ঘ্য পরিমাপ করা হয়েছে
৭. প্রয়োজন অনুযায়ী রড মার্কিং মার্কিং করে কাটা হয়েছে
৮. ড্রয়িং ও পরিমাপ অনুযায়ী রড বাঁকানো হয়েছে
৯. ওয়ার্কিং বেঞ্চ ব্যবহার করা হয়েছে
১০. স্টিরাপের আকার এবং আকৃতি পরিমাপ এবং পরীক্ষা করা হয়েছে
১১. টুলস এবং ইকুইপমেন্ট প্রস্তুতকারকের নির্দেশ অনুযায়ী পরিষ্কার করা হয়েছে
১২. ওয়ার্কশপ এর নিয়ম অনুযায়ী টুলস, ইকুইপমেন্ট এবং মালামাল স্টোর করতে সক্ষম হয়েছে
১৩. সমস্যা জনিত টুলস, ইকুইপমেন্ট চিহ্নিত, পৃথক এবং রিপোর্ট করা হয়েছে
১৪. কাজের জায়গা পরিষ্কার করা হয়েছে
১৫. বর্জ্য পদার্থ নির্দিষ্ট জায়গায় নিষ্পত্তি করা হয়েছে

শিখনফল (Learning Outcome) -১: টুল, ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করতে পারবে

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> ১. ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম(পিপিই) নির্বাচন করা এবং ব্যবহার করা হয়েছে ২. কাজের প্রয়োজনীয়তা অনুসারে সিনিয়রের সহায়তায় ড্রয়িংগুলো সংগ্রহ ও শনাক্ত করা হয়েছে ৩. টুলস ইকুইপমেন্ট কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে ৪. ম্যাটেরিয়াল নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার ৭. ইন্টারনেট সুবিধা ৮. হোয়াইট বোর্ড ও মার্কার ৯. প্রয়োজনীয় টুলস ও ইকুইপমেন্ট ১০. প্রয়োজনীয় ম্যাটেরিয়ালস ও কনজিউমেবলস
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> ১. পিপিই ব্যবহার ২. ড্রয়িং সংগ্রহ ও শনাক্তকরণ পদ্ধতি ৩. টুল এবং সরঞ্জাম <ul style="list-style-type: none"> ▪ অ্যানভিল ▪ রড বেভার ▪ স্নেজ হ্যামার ▪ চিজেল ▪ হ্যাক স ▪ মেজারিং টিপ ▪ বলপিন হ্যামার ▪ ট্রাই-স্কয়ার ৪. পাওয়ার টুলস <ul style="list-style-type: none"> ▪ গ্রাইন্ডিংমেশিন ▪ বার শেয়ারিং মেশিন ৫. ইকুইপমেন্ট <ul style="list-style-type: none"> ▪ ওয়াকিং বেঞ্চ ৬. উপকরণ <ul style="list-style-type: none"> ▪ এম এস বার (রড) ▪ চক
জব/টাস্ক/অ্যাক্টিভিটি	<ol style="list-style-type: none"> ১. প্রয়োজনীয় কাজের জন্য টুলস সরঞ্জাম এবং উপকরণ নির্বাচন কর ২. প্রয়োজনীয় কাজের জন্য টুলস সরঞ্জাম এবং উপকরণ সংগ্রহ কর
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation)

	<ul style="list-style-type: none"> ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ul style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-১: টুল, ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করতে পারবে

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন কর। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার কর।

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “টুল, ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করতে পারবে” শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ১: টুলসে ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করতে পারবে।
৩. সেলফ চেক প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান কর এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ১: এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান কর। উত্তরপত্র ১: এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত কর।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন কর।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন কর জব শিট ১.১: হ্যান্ড টুলস চিহ্নিত কর। স্পেসিফিকেশন শিট ১.১: হ্যান্ড টুলস চিহ্নিত কর। জব শিট ১.২: পাওয়ার টুলস চিহ্নিত কর। স্পেসিফিকেশন শিট ১.২: পাওয়ার টুলস চিহ্নিত কর।

ইনফরমেশন শিট (Information Sheet)-১: টুল, ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করতে পারবে

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শিট পড়ে শিক্ষার্থীগণ-

- ১.১ পিপিই ব্যবহার সংজ্ঞা বলতে পারবে
- ১.২ ড্রয়িং সংগ্রহ ও শনাক্তকরণ পদ্ধতি বলতে পারবে
- ১.৩ টুল এবং সরঞ্জাম সংজ্ঞা বলতে পারবে
- ১.৪ উপকরণ সম্পর্কে বলতে পারবে

১.১ পিপিই ব্যবহার

ক. ব্যক্তিগত নিরাপত্তা

দুর্ঘটনার হাত হতে নিজেকে রক্ষা করার জন্য প্রতিরোধক মূলক যে ব্যবস্থা গ্রহন করা হয় তাকে ব্যক্তিগত (Personal safety) নিরাপত্তা বলে।

খ. পিপিই (PPE) Personal Protective equipment

সেইফটি ইকুইপমেন্ট (পিপিই) হলো- এমন ধরনের পোশাক, যন্ত্রপাতি বা বস্তু যা একজন ব্যক্তিকে দুর্ঘটনার কারণে ক্ষতির সম্ভাবনা অথবা অসুস্থ হওয়ার ঝুঁকি থেকে রক্ষা করে।

গ. পিপিই এর নাম ও ব্যবহার









ম্যাশিনারী এবং রড বাইন্ডং কাজে ব্যক্তিগত অঙ্গ-প্রত্যঙ্গকে সম্ভাব্য ক্ষয়ক্ষতি বা দুর্ঘটনার হাত থেকে রক্ষায় ব্যবহৃত সেইফটি ইকুইপমেন্ট এর নাম নিম্নে চিত্রসহ দেওয়া হলো-

পিপিই এর নাম

		
হ্যান্ডগ্লোভস	সেফটি সু	সেফটি হেলমেট
		
ডাস্ট মাস্ক	সেফটি এপ্রোন	সেফটি গগলস
		
ইয়ার প্লাগ		সেফটি বেল্ট

চিত্র: সেইফটি ইকুইপমেন্ট

ব্যক্তিগত নিরাপত্তা সামগ্রীর ব্যবহার

<p>এ্যাপ্রোন কর্মক্ষেত্রে কর্মী খুলা বালি ও বিভিন্ন প্রকার কেমিক্যাল থেকে নিজের শরীরকে রক্ষা করার জন্য সাধারণত এ্যাপ্রোন ব্যবহার করা হয়।</p>	
<p>সেফটি গগলস চিপিং, গ্রাইন্ডিং, করাত, হাতুড়ি, বিদ্যুতের সরঞ্জাম বা এমনকি শক্তিশালী বায়ু শক্তির ব্যবহারের মতো কাজ থেকে চোখে ধুলো, ময়লা, ধাতু বা কাঠের চিপ প্রবেশ করতে পারে। তাই চোখের সুরক্ষার জন্য গগলস ব্যবহার করা হয়।</p>	
<p>সেফটি সু রড বাইন্ডিং এর কাজ করতে হলে পায়ের সুরক্ষার জন্য সেফটি সু এর প্রয়োজন সেফটি সু ব্যবহার না করলে রড পায়ে ঢুকে যেতে পারে।</p>	
<p>মাস্ক কাজের সময় নাক ও মুখ দিয়ে বিষাক্ত রাসায়নিকের গন্ধ, খুলাবালি ঢোকা প্রতিরোধ করার জন্য মাস্ক ব্যবহার করা হয়।</p>	
<p>সেফটি হেলমেট কর্মস্থলে বুলন্ত কোনো প্রকার ঝুঁকি থাকে এবং মাথাকে কোনো বস্তুর আঘাত থেকে রক্ষা করার জন্য হেলমেট ব্যবহার করা হয়।</p>	
<p>লেদার রড বাইন্ডিং কাজ করার জন্য হাতের সুরক্ষার রাবার হ্যান্ড লেদার হ্যান্ডগ্লোভস ব্যবহার করা হয়।</p>	
<p>ইয়ার প্লাগ কানের ভিতরে যেন শব্দ প্রবেশ না করতে পারে তাহার জন্য ইয়ার প্লাগ ব্যবহার করা হয়।</p>	
<p>সেফটি বেল্ট উচু অথবা ঝুলে কাজ করতে গিয়ে যাহাতে নিচে পড়ে না যায় তাহার জন্য সেফটি বেল্ট ব্যবহার করা হয়।</p>	

১.২ ড্রয়িং সংগ্রহ ও শনাক্তকরণ পদ্ধতি

কম্প্রট্রাকশন কাজের জন্য ড্রয়িং এর প্রয়োজন কারন কোন কম্প্রট্রাকশন কাজ করতে গেলে প্রথমেই ড্রয়িং প্রয়োজন। ড্রয়িং ছাড়া বুঝার উপয় নেই কোনটি কোন জায়গায় হবে।

- প্রথমে কি কাজ করতে হবে তাহা জানতে হবে
- কাজ অনুযায়ী সুপারভাইজারের কাছ থেকে ড্রয়িং সংগ্রহ করতে হবে
- ড্রয়িং সংগ্রহ করার পর সুপারভাইজারের কাছে ড্রয়িং সম্পকে বুঝতে হবে
- ড্রয়িং এর ভিতরে কোথায় কি আছে তা শনাক্ত করতে হবে
- শনাক্ত করার পর তাহা অনুযায়ী কাজ করতে হবে





১.৩ টুলস এর নাম ও ব্যবহার

ক. হ্যান্ড টুলস এর নাম ও ব্যবহার

নাম	মেজারিং টেপ	নাম	বল পিন হ্যামার
ব্যবহার	পরিমাপ করার জন্য মেজারিং টেপ ব্যবহার করা হয়।	ব্যবহার	এই হ্যামারের মাথা বল এর মতো থাকায় এর নাম বলপিন হ্যামার। কোন কিছু আঘাত করার জন্য বল পিন হ্যামার ব্যবহার করা হয়।
			
নাম	অ্যানভিল	নাম	হট চিজেল
ব্যবহার	অ্যানভিল হলো একটি ধাতব বস্তু ইহা মেটালকে সংকুচিত, বাঁকানো, ওয়ের্ডিং এবং পাঞ্চ করার জন্য ব্যবহার করা হয়।	ব্যবহার	রড অথবা কোন মেটাল কাটার জন্য হট চিজেল ব্যবহার করা হয়।
			
নাম	রড বেস্তার	নাম	স্ল্যাজ হ্যামার
ব্যবহার	রডের সেইপ অথবা আকৃতি পরিবর্তনের জন্য রড বেস্তার ব্যবহার করা হয়।	ব্যবহার	স্ল্যাজ হ্যামার কোন বস্তুকে আঘাত করার জন্য ব্যবহার করা হয়। ওজন বেশী বিধায় কোন বস্তুকে সহজে সোজা, বাঁকা এবং ভাংগা যায়
			
নাম	ট্রাই স্কয়ার	নাম	হ্যাক-স
ব্যবহার	৯০ ডিগ্রী কোন মাপার জন্য ট্রাই স্কয়ার ব্যবহার করা হয়।	ব্যবহার	ধাতব জাতীয় কোন বস্তুকে কাটার জন্য বা দ্বিখনিডত করার জন্য হ্যাক-স ব্যবহার করা হয়।
			

খ. পাওয়ার টুলস এর নাম ও ব্যবহার

নাম	রড কাটার মেশিন	নাম	গ্রাইন্ডিং মেশিন
-----	----------------	-----	------------------

ব্যবহার	এই মেশিন ব্যবহার করে খুব সহজে এবং তাড়াতাড়ি রড কাটা যায়। এই মেশিনে সাধারণত ৮ ইঞ্চি থেকে ১৪ ইঞ্চি ব্লেন্ড ব্যবহার করা হয়।	ব্যবহার	এটা এংগেল গ্রাইন্ডার হিসাবে ও পরিচিত এটা হাতে নিয়ে রড কাটা এবং গ্রাইন্ডিং করার কাজে ব্যবহার করা হয়।
			
নাম	বার শিয়ারিং মেশিন	নাম	পাওয়ার স মেশিন
ব্যবহার	বার কাটিং মেশিন, যা একটি রিবার কাটিং মেশিন বা বার শিয়ারি মেশিন নামেও পরিচিত, এটি নির্মাণ শিল্পে ব্যবহৃত এক টুকরো সরঞ্জাম যা ইস্পাত শক্তিবৃদ্ধি বার বা রি বার গুলকে বিভিন্ন দৈর্ঘ্যের মধ্যে কাটাতে ব্যবহৃত হয়।	ব্যবহার	পাওয়ার স মেটাল কাটার জন্য ব্যবহার করা হয়। এই মেশিনের সাহায্যে অনেক রডকে একত্রে কাটা যায়।
			



গ. ইকুইপমেন্ট

ওয়ার্ক বেঞ্চ: ওয়ার্ক বেঞ্চ বলতে বুঝায় কাজের বেঞ্চ রড বাকা করার জন্য যে বেঞ্চ ব্যবহার করা হয় তাহাই ওয়ার্ক বেঞ্চ।



১.৪ মালামাল

মালামলের তালিকা

	
রড	চক

সেলফ চেক (Self Check)-১: টুল, ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করা

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শিট পাঠ করে নিচের ছবি দেখে নাম লিখ-

নাম		নাম	
			
নাম		নাম	
			
নাম		নাম	
			

উত্তরপত্র (Answer Key) -১: টুল, ইকুইপমেন্ট ও মালামাল সংগ্রহ করা

নাম	ফাইল	নাম	রড
			
নাম	ট্রাইস্কোয়ার	নাম	অ্যানভিল
			
নাম	হ্যাক-স	নাম	হ্যান্ডেল
			

টাস্ক শিট (Task Sheet)-১.১: হ্যান্ড টুলস এবং উপকরণ সনাক্ত করে খালি ঘরে নাম লিখ

উদ্দেশ্য: হ্যান্ড টুলস এবং উপকরণ চিহ্নিত করে খালি ঘরে নাম লিখতে পারবে।

কাজের ধারাবাহিকতা:

- ১ কাজ শুরু করার পূর্বে সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত কর এবং পিপিই পরিধান কর।
- ২ প্রয়োজনীয় টুলস সংগ্রহ কর।
- ৩ হ্যান্ড টুলস গুলো নিদৃষ্টস্থানে রাখ।
- ৪ হ্যান্ড টুলস গুলো আইটেম অনুযায়ী আলাদা কর।
- ৫ হ্যান্ড টুলস গুলো আলাদা করে নাম অনুযায়ী লাগিয়ে ফেল।
- ৬ কাজ শেষ হলে সকল সরঞ্জাম সমূহ পরিষ্কার এবং সংরক্ষণ কর।
- ৭ ওয়ার্কপ্লেস পরিষ্কার কর।

স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ১.১: হ্যান্ড টুলস এবং উপকরন সনাক্ত করে খালি ঘরে নাম লিখ

		
হ্যাক-স	হট চিজেল	হ্যান্ডেল
		
মেজারিং টেপ	বল পিন হ্যামার	অ্যানভিল
		
রড	চক	

প্রয়োজনীয় পিপিই সমূহ

ক্রমিক	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
২	মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৩	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৪	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
৫	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৬	অ্যাপ্রোন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১



টাস্ক শিট (Task Sheet)-১.২: পাওয়ার টুলস সনাক্ত করে খালি ঘরে নাম লিখ

উদ্দেশ্য: পাওয়ার টুলস সনাক্ত করে খালি ঘরে নাম লিখতে পারবে।

কাজের ধারাবাহিকতা:

- ১ কাজ শুরু করার পূর্বে সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত কর এবং পিপিই পরিধান কর ।
- ২ প্রয়োজনীয় টুলস সংগ্রহ কর ।
- ৩ পাওয়ার টুলস গুলো নির্দিষ্টস্থানে রাখ।
- ৪ পাওয়ার টুলস গুলো আইটেম অনুযায়ী আলাদা কর ।
- ৫ পাওয়ার টুলস গুলো আলাদা করে নাম অনুযায়ী লাগিয়ে ফেল।
- ৬ কাজ শেষ হলে সকল সরঞ্জাম সমূহ পরিষ্কার এবং সংরক্ষণ কর ।
- ৭ ওয়ার্কপ্লেস পরিষ্কার কর ।

স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ১.২: পাওয়ার টুলস সনাক্ত করে খালি ঘরে নাম
লিখ

	
রড কাটার মেশিন	গ্রাইন্ডিং মেশিন

প্রয়োজনীয় পিপিই সমূহ

ক্রমিক	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
২	মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৩	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৪	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
৫	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৬	অ্যাপ্রোন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১

শিখনফল (Learning Outcome)- ২: স্টিরাপ বা টাইয়ের জন্য রড প্রস্তুত করতে পারবে

অ্যাসেসমেন্ট মানদন্ড	<ol style="list-style-type: none"> ১. বার সিডিউল অনুযায়ী স্টিরাপগুলো চিহ্নিত করা হয়েছে ২. প্রতিটি স্টিরাপের জন্য মোট দৈর্ঘ্য পরিমাপ করা হয়েছে ৩. প্রয়োজন অনুযায়ী রড মার্কিং করে কাটা হয়েছে
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার ৭. ইন্টারনেট সুবিধা ৮. হোয়াইট বোর্ড ও মার্কার ৯. অডিও ভিডিও ভিভাইস ১০. প্রয়োজনীয় টুলস ও ইকুইপমেন্ট ১১. প্রয়োজনীয় ম্যাটেরিয়ালস ও কনজিউমেবলস
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> ১. স্টিরাপ ২. বার সিডিউল থেকে স্টিরাপ সনাক্ত করার পদ্ধতি ৩. স্টিরাপ গননার পদ্ধতি ৪. প্রয়োজন অনুযায়ী রড চিহ্নিত করন এবং কাটার পদ্ধতি
জব/টাস্ক/অ্যাক্টিভিটি	<ol style="list-style-type: none"> ১. সিডিউল অনুযায়ী স্টিরাপ শনাক্ত কর ২. স্টিরাপ হিসাব কর ৩. প্রয়োজন অনুযায়ী রড চিহ্নিত কর এবং কাটুন
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-২: স্টিরাপ বা টাইয়ের জন্য রড প্রস্তুত করতে পারবে

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন কর। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার কর।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “স্টিরাপ বা টাইয়ের জন্য রড প্রস্তুত করতে পারবে” শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ২: রড বাইন্ডিং কাজের জন্য হ্যান্ড টুলস এর ব্যবহার করতে পারবে।
৩. সেলফ চেক প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান কর এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেক্স-চেক শিট ২: এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান কর। উত্তরপত্র ২: এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত কর।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন কর।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন কর জব শিট ২.১: স্টিরাপের জন্য রড সনাক্ত ও মেজারমেন্ট করে হ্যাক-স এবং হ্যান্ড কাটার ব্যবহার করে রড কাট। স্পেসিফিকেশন শিট ২.১: স্টিরাপের জন্য রড সনাক্ত ও মেজারমেন্ট করে হ্যাক-স এবং হ্যান্ড কাটার ব্যবহার করে রড কাট। জব শিট ২.২: স্টিরাপের জন্য রড সনাক্ত ও মেজারমেন্ট করে গ্রাইন্ডিং মেশিন এবং রড কাটার ব্যবহার করে রড কাট। স্পেসিফিকেশন শিট ২.২: স্টিরাপের জন্য রড সনাক্ত ও মেজারমেন্ট করে গ্রাইন্ডিং মেশিন এবং রড কাটার ব্যবহার করে রড কাট।


ইনফরমেশন শিট (Information Sheet) ২: স্টিরাপ বা টাইয়ের জন্য রড প্রস্তুত করতে পারবে

শিখন উদ্দেশ্য (Objective): এই ইনফরমেশন শিট পাঠে শিক্ষার্থীগণ-

- ২.১ স্টিরাপ সনাক্ত করতে পারবে
- ২.২ বার সিডিউল থেকে স্টিরাপ সনাক্ত করতে পারবে
- ২.৩ স্টিরাপ গননা করতে পারবে
- ২.৪ প্রয়োজন অনুযায়ী রড চিহ্নিত করে কাটতে পারবে

২.১ স্টিরাপ

স্টিরাপ হল একটি রিইনফোর্সড কংক্রিট কম্পোনেটে বারগুলির একটি বন্ধ লুপ যা মইন রিইনফোর্সমেন্টে বারগুলিকে একত্রে রাখে।



ক. স্টিরাপ এর প্রয়োজনীয়তা


- স্টিরাপি প্রধানত আরসিসি স্ট্রাকচারে প্রধান শক্তিবৃদ্ধি রিবার গুলিকে একসাথে ধরে রাখতে ব্যবহৃত হয়।
- কলাম এবং বীমগুলিকে আটকানো থেকে আটকাতে এবং পার্শ্বীয় চাপগুলির প্রতিরোধে সহায়তা করার জন্য স্টিরাপগুলি প্রয়োজন (যমেন, ভূমকম্পের লোড)।
- স্টিরাপগুলি শিয়ার ক্ষমতাকে আরও কাঁচকরভাবে নিয়ন্ত্রণ করতে ব্যবহৃত হয়।

২.২ বার সিডিউল থেকে স্টিরাপ সনাক্ত করার কারণ

বার সিডিউল থেকে স্টিরাপ শনাক্ত করতে হবে কারণ আপনি কোন সেইপ এর স্টিরাপ তৈরী করবেন তাহা বার সিডিউল এর মধ্যে দেওয়া থাকে। তাই বার সিডিউল অনুযায়ী স্টিরাপ শনাক্ত করার প্রয়োজন। বার সিডিউলে কত সাইজের রড এবং কতটুকু রড প্রয়োজন তাহার সঠিক হিসাব পাওয়া যায়।

২.৩ স্টিরাপ গননা

বার সিডিউল অথবা বীমের ড্রয়িং দেখে স্টিরাপ এর সংখ্যা গননা করতে হবে। কারণ একটি বীমে কতটুকু রড এর প্রয়োজন তাহা স্টিরাপের সংখ্যা গননা করে বাহির করতে হয়। প্রথমে একটি স্টিরাপ নিয়ে রডের মেজারমেন্ট করতে হবে এবং এই একটি স্টিরাপে কতটুকু রড আছে তাহা হিসাব করতে হবে তার পর টোটাল স্টিরাপ দিয়ে গুন করতে হবে। তাহলে ওই বীমে স্টিরাপ তৈরী করতে কতটুকু রড প্রয়োজন তাহা বের হয়ে যাবে তাহা অনুসারে রড সংগ্রহ করা যাবে।



স্ট্রিপের দৈর্ঘ্য নির্ণয়ের পদ্ধতি

উপরের বীমে স্ট্রিপ দেওয়া আছে এখান স্ট্রিপের রডের দৈর্ঘ্য নিনয়ের জন্য

সূত্র: $2 \times \text{লম্বা} + 2 \times \text{প্রস্থ} + 2 (১০ \text{ রডের ডায়ামিটার}) - 8(\text{রডের ডায়ামিটার}) =$ এই স্ট্রিপের জন্য টোটাল রড

২.৪ প্রয়োজন অনুযায়ী রড চিহ্নিত করা এবং কাটা

স্ট্রিপের জন্য রড চিহ্নিত করার পদ্ধতি


প্রথমে বার সিডিউল অথবা বীমের ড্রয়িং দেখে রড নিধারন করতে হবে এবং রড নিধারন করার পর কতটুকু কাটতে হবে তাহা চিহ্নিত করতে হবে এবং সেই অনুযায়ী কাটতে হবে।

ক. হ্যাক-স দ্বারা রড কাটা

হ্যাক স ব্যবহার করে রড কাটা যায় তবে এটা ব্যবহার করে রড কাটতে সময় বেশী দরকার হয় এবং পরিশ্রম ও বেশী হয়। যে খানে মেশিন থাকেনা সেখানে হ্যাক-স ব্যবহার করে রড কাটা যায়।

খ. হ্যান্ড কাটার দিয়ে রড কাটা

হ্যান্ড কাটার ব্যবহার করে সহজে রড কাটা যায় এটা ব্যবহার করে রড কাটা সহজ এবং পরিশ্রম কম হয়



হ্যাক-স দ্বারা রড কাটা



হ্যান্ড কাটার দিয়ে রড কাটা

গ. গ্রাইন্ডিং মেশিন দ্বারা রড কাটা

গ্রাইন্ডিং মেশিন ব্যবহার করে অতি সহজে তাড়াতাড়ি রড কাটা যায়। এটার সাহায্যে একত্রে অনেক গুলি রড কাটা যায় এবং সময় কম লাগে। গ্রাইন্ডিং মেশিন যে কোন দিক সহজে মুভ করা যায়।

ঘ. রড কাটিং মেশিন দ্বারা রড কাটা

রড কাটিং মেশিন ব্যবহার করে খুব তাড়াতাড়ি সহজেই রড কাটা যায় এই মেশিনে রড কাটলে খুব কম সময়ে অনেক রড কাটা যায়।

ঙ. পাওয়ার-স মেশিন দ্বারা রড কাটা

পাওয়ার স মেশিন ব্যবহার করে খুব সহজেই অনেক বেশী রড কাটা যায় এই মেশিন আকারে বড় তাই অনেক বেশী রড একত্রে কাটা যায়।



গ্রাইন্ডিং মেশিন দ্বারা রড কাটা



রড কাটিং মেশিন দ্বারা রড কাটা



পাওয়ার-স মেশিন দ্বারা রড কাটা

রড কাটার নিয়মাবলী

- প্রয়োজন অনুযায়ী রড সোজা করা
- বার সিডিউল অথবা ড্রইং অনুযায়ী রডে মার্কিং করা
- মার্কিং রড কাটিং মেশিন এর ভিতরে ভালোভাবে ঢুকানো
- মেশিন এর জ সঠিক ভাবে টাইট দেওয়া
- রড কাটিং মেশিন অথবা গ্রাইন্ডিং মেশিন চালিয়ে রড কাটা
- হ্যামার ও চিজেল ব্যবহার করে রড কাটা
- কাটিং রড গুলো সাইজ অনুযায়ী সাজিয়ে রাখা

রড কাটার প্রয়োজনীয়তা

কম্প্রাকশন কাজ করতে গেলে রড এর প্রয়োজন হয় আর কোথায় কত রড প্রয়োজন হবে তাহা একজন ইঞ্জিনিয়ার ঠিক করে দিবে। তাই এই কাজের প্রয়োজনে বিভিন্ন সাইজ এর রড কাটার প্রয়োজন হয়।

রড কাটার কোয়ালিটি

রড কাটার কোয়ালিটি বলতে বুঝায় যেখানে যে মাপে রড প্রয়োজন সেখানে সেই মাপের রড কাটাটাই রড কাটার এর কোয়ালিটি। রড টলারেন্স এর মধ্যে থাকতে হবে।

রড এর কোয়ালিটি চেক এর প্রয়োজনীয়তা

কাজের সুবিধার জন্য রড এর কোয়ালিটি চেক করার প্রয়োজন রড এর কোয়ালিটি ঠিক না থাকলে কাজের মান খারাপ হবে। অর্থনৈতিক ভাবে লুজার হবে রডের টান শক্তির ঘটতি হবে। এই সব থেকে রক্ষার জন্য রড এর কোয়ালিটি চেক করা প্রয়োজন।

সেলফ চেক (Self Check)-২: ষ্টিরাপ বা টাইয়ের জন্য রড প্রস্তুত করতে পারবে

১. ষ্টিরাপের জন্য রড মেজারমেন্ট সূত্র লিখ।

উত্তর:

২. ষ্টিরাপ বলতে কী বুঝায়।

উত্তর:

৩. ষ্টিরাপের প্রয়োজনীয়তা লিখ।

উত্তর:

উত্তরপত্র (Answer Key)-২: স্টিরাপ বা টাইয়ের জন্য রড প্রস্তুত করতে পারবে

১. স্টিরাপের জন্য রড মেজারমেন্ট সূত্র লিখ।

উত্তর: উপরের বীমে স্টিরাপ দেওয়া আছে এখান স্টিরাপের রডের দৈর্ঘ্য নিনয়ের জন্য

সূত্র: $2 \times \text{লম্বা} + 2 \times \text{প্রস্থ} + 2 (১০ \text{ রডের ডায়া}) - ৪(\text{রডের ডায়া}) = \text{এই স্টিরাপের জন্য টোটাল রড।}$

২. স্টিরাপ বলতে কী বুঝায়।

উত্তর: স্টিরাপ হল একটি রিইনফোর্সড কংক্রিট কম্পোনেটে বারগুলি একটি বন্ধ লুপ যা মইন রিইনফোর্সমেন্টে বারগুলিকে একত্রে রাখে।

৩. স্টিরাপের প্রয়োজনীয়তা লিখ।

উত্তর:

- স্টিরাপি প্রধানত আরসিসি স্ট্রাকচারে প্রধান শক্তিবৃদ্ধি রিবার গুলিকে একসাথে ধরে রাখতে ব্যবহৃত হয়
- কলাম এবং বীমগুলিকে আটকানো থেকে আটকাতে এবং পার্শ্বীয় চাপগুলির প্রতিরোধে সহায়তা করার জন্য স্টিরাপগুলি প্রয়োজন (যেমন: ভূমিকম্পের লোড)
- স্টিরাপগুলি শিয়ার ক্ষমতাকে আরও কার্যকর ভাবে নিয়ন্ত্রণ করতে ব্যবহৃত হয়

জব শিট (Job Sheet)- ২.১ : স্টিরাপের জন্য রড সনাক্ত ও মেজারমেন্ট করে হ্যাক-স এবং হ্যান্ড কাটার ব্যবহার করে রড কাটা

উদ্দেশ্য: স্টিরাপের জন্য সনাক্ত ও মেজারমেন্ট করে হ্যাক-স এবং হ্যান্ড কাটার ব্যবহার করে রড কাটতে পারবে।


কাজের ধারাবাহিকতা:

ধাপ-১	কাজ শুরু করার পূর্বে সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত কর এবং পিপিই পরিধান কর।	
ধাপ-২	কাটার জন্য রড শনাক্ত কর।	
ধাপ-৩	অ্যানভিল ব্যবহার করে প্রয়োজন অনুযায়ী রড সোজা কর।	
ধাপ-৪	হ্যান্ডেল ব্যবহার করে প্রয়োজন অনুযায়ী রড সোজা কর।	
ধাপ-৫	রডের কাটিং পয়েন্ট মেজারমেন্ট করে মার্কিং কর।	
ধাপ-৬	হ্যাক-স ব্যবহার করে রড কাট।	
ধাপ-৭	হ্যান্ড কাটার ব্যবহার করে রড কাট।	
ধাপ-৮	কাটা রড গুলোর কাটিং কোয়ালিটি চেক কর।	
ধাপ-৯	রডের গায়ে ময়লা থাকলে পরিষ্কার করে সঠিক জায়গায় রাখ।	
ধাপ-১০	প্ল্যাটফর্ম এর জন্য জায়গা পরিষ্কার কর।	

স্পেসিফিকেশন শিট (Spesification Sheet)-২.১: স্টিরাপের জন্য রড সনাক্ত ও মেজারমেন্ট করে হ্যাক-স এবং হ্যান্ড কাটার ব্যবহার করে রড কাটা

কাজের শর্তাবলী: মূল্যায়নের সময় আপনাকে অবশ্যই নিরাপদ অপারেশন পদ্ধতি অনুশীলন করতে হবে।

চিত্র:



প্রয়োজনীয় পিপিই সমূহ

ক্রমিক	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী(চামড়ার)	জোড়া	০১
২	ডাস্ট মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী(কাপড়ের)	সংখ্যা	০১
৩	লেদার হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী(লেদার)	জোড়া	০১
৪	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী(প্লাস্টিক)	সংখ্যা	০১
৫	এ্যাপ্রোন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী(কাপড়ের)	সংখ্যা	০১
৬	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী(প্লাস্টিক)	সংখ্যা	০১

প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস

ক্রমিক	টুলস এবং ইকুইপমেন্টস	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	হ্যাক-স	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
২	হ্যান্ড কাটার	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৩	বলপিন হ্যামার	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৪	অ্যানভিল	স্ট্যান্ডার্ড আকারের		
৫	মেজারিং টেপ	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১









প্রয়োজনীয় মালামাল



ক্রমিক	মালামাল	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
--------	---------	--------------	-----	--------

১	রড	৮ এবং ১০ মিলিমিটার	কেজি	পরিমানমত
---	----	--------------------	------	----------

জব শিট (Job Sheet)- ২.২ : স্টিরাপের জন্য রড সনাক্ত ও মেজারমেন্ট করে গ্রাইন্ডিং মেশিন এবং রড কাটার ব্যবহার করে রড কাটা

উদ্দেশ্য: স্টিরাপের জন্য রড সনাক্ত ও মেজারমেন্ট করে গ্রাইন্ডিং মেশিন এবং রড কাটার ব্যবহার রড কাটতে পারবে।
কাজের ধারাবাহিকতা:

ধাপ-১	কাজ শুরু করার পূর্বে সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত কর এবং পিপিই পরিধান কর।	
ধাপ-২	কাটার জন্য রড নির্বাচন কর।	
ধাপ-৩	প্রয়োজন অনুযায়ী রড সোজা কর।	
ধাপ-৪	রডের কাটিং পয়েন্ট এ মার্কিং কর।	
ধাপ-৫	রড গুলো একটি ইট অথবা কাঠের উপরে রাখ।	
ধাপ-৬	গ্রাইন্ডিং মেশিন ব্যবহার করে রড কাটা।	
ধাপ-৭	রড কাটার মেশিন ব্যবহার করে রড কাটা।	
ধাপ-৮	কাটিং এর পরে রড গুলোর চেক করে সাইডে স্তুপ কর।	

ধাপ-৯	রড কাটার পরে রডের জায়গা পরিষ্কার কর।	 
-------	---------------------------------------	-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

স্পেসিফিকেশন শিট (Spesification Sheet)-২.২: স্টিরাপের জন্য রড সনাক্ত ও মেজারমেন্ট করে গ্রাইন্ডিং মেশিন এবং রড কাটার ব্যবহার করে রড কাটা

কাজের শর্তাবলী: মূল্যায়নের সময় আপনাকে অবশ্যই নিরাপদ অপারেশন পদ্ধতি অনুশীলন করতে হবে।

চিত্র:



প্রয়োজনীয় পিপিই সমূহ

ক্রমিক	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী(চামড়ার)	জোড়া	০১
২	ডাস্ট মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী(কাপড়ের)	সংখ্যা	০১
৩	লেদার হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী(লেদার)	জোড়া	০১
৪	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী(প্লাস্টিক)	সংখ্যা	০১
৫	এ্যাপ্রোন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী(কাপড়ের)	সংখ্যা	০১
৬	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী(প্লাস্টিক)	সংখ্যা	০১

প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস

ক্রমিক	টুলস এবং ইকুইপমেন্টস	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	গ্রাইন্ডিং মেশিন	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০৩
২	রড কাটার মেশিন	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০২
৩	বলপিন হ্যামার	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০৫
৪	অ্যানভিল	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০২
৫	মেজারিং টেপ	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০৫
৬	মাল্টিপ্লাগ	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০৩

প্রয়োজনীয় মালামাল

ক্রমিক	মালামাল	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	রড	৮ এবং ১০ মিলিমিটার	কেজি	প্রয়োজনমত

শিখনফল (Learning Outcome) -৩: স্টিরাপ এবং টাইস তৈরী করা

অ্যাসেসমেন্ট মানদন্ড	<ol style="list-style-type: none"> ১. ড্রয়িং ও পরিমাপ অনুযায়ী রড বাঁকানো হয়েছে ২. ওয়ার্কিং বেঞ্চ ব্যবহার করা হয়েছে ৩. স্টিরাপের আকার এবং আকৃতি পরিমাপ এবং পরীক্ষা করা হয়েছে
কর্মসম্পাদন গাইড	<ol style="list-style-type: none"> ১. স্পেসিফিকেশন অনুযায়ী স্টিরাপ শনাক্ত করা এবং মাপ অনুযায়ী রড কাটুন ২. ওয়ার্কিং বেঞ্চ এর উপর রড সঠিক ভাবে রাখুন ৩. স্টিরাপের জন্য মাকিং কর ৪. মাকিং পয়েন্ট ওয়ার্কিং বেঞ্চ এর রডের সাথে সেট করন ৫. হ্যান্ডেল ব্যবহার করে স্টিরাপ তৈরী করন ৬. স্টিরাপের সেইপ মেজারমেন্ট চেক করন
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ/কম্পিউটার ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার ৭. হোয়াইট বোর্ড ও মার্কার ৮. টুল, ইকুইপমেন্ট এবং উপকরণ ৯. নির্দেশনা
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> ১. ড্রয়িং ও পরিমাপ অনুযায়ী রড বাঁকানো পদ্ধতি ২. ওয়ার্কিং বেঞ্চ ব্যবহার করার পদ্ধতি ৩. স্টিরাপ ও টাই তৈরী করার পদ্ধতি ৪. স্টিরাপের আকার আকৃতি পরীক্ষা করার পদ্ধতি <ul style="list-style-type: none"> ▪ আয়তক্ষেত্রাকার ▪ বগাকার ▪ ত্রিভুজাকার ▪ বৃত্তাকার ▪ বহুভুজ
এক্টিভিটি/টাস্ক/জব	<ol style="list-style-type: none"> ১. স্টিরাপ এবং টাই তৈরী কর ২. স্টিরাপের আকার আকৃতি পরীক্ষা কর

প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. লিখিত পরীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral questioning)

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) - ৩: স্টিরাপ এবং টাইস তৈরী করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন কর। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার কর।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “স্টিরাপ এবং টাইস তৈরী করা” শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ১: স্টিরাপ এবং টাই তৈরী করা।
৩. সেলফ চেক প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান কর এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ১: এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান কর। উত্তরপত্র ১: এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত কর।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন কর।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন কর জব শিট ৩.১: ৮ এবং ১০ মিলিমিটার রড ব্যবহার করে (১০ x ১২) ইঞ্চি সাইজের স্টিরাপ তৈরী কর। স্পেসিফিকেশন শিট ৩.১: ৮ এবং ১০ মিলিমিটার রড ব্যবহার করে (১০ x ১২) ইঞ্চি সাইজের স্টিরাপ তৈরী কর। জব শিট ৩.২: ৮ এবং ১০ মিলিমিটার রড ব্যবহার করে (১০ x ১০) ইঞ্চি সাইজের টাই তৈরী কর। স্পেসিফিকেশন শিট ৩.২ : ৮ এবং ১০ মিলিমিটার রড ব্যবহার করে (১০ x ১০) ইঞ্চি সাইজের টাই তৈরী কর

ইনফরমেশন শিট (Information Sheet)-৩: স্টিরাপ এবং টাইস তৈরী করা

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শিট পড়ে শিক্ষার্থীগণ-

- ৩.১ ড্রয়িং ও পরিমাপ অনুযায়ী রড বাঁকাতে পারবে
- ৩.২ ওয়ার্ক বেঞ্চ ব্যবহার করতে পারবে
- ৩.৩ স্টিরাপ ও টাই তৈরী করতে পারবে
- ৩.৪ স্টিরাপের আকার আকৃতি পরীক্ষা করতে পারবে

৩.১ ড্রয়িং ও পরিমাপ অনুযায়ী রড বাঁকানোর প্রয়োজনীয়তা

প্রথমে ড্রয়িং দেখে রড শনাক্ত করতে হবে কি পরিমান রডের প্রয়োজন তাহা পরিমাপ করে চিহ্নিত করতে হবে। চিহ্নিত করার পর রডকে বাকিয়ে সেই সেইপে তৈরী করতে হবে তাই সেইপ অনুযায়ী তৈরী করার জন্য রড বাঁকানোর প্রয়োজন।


৩.২ ওয়ার্ক বেঞ্চ এর কাজ

সাইডে অথবা অন্য কোথাও রডের কাজ করতে গেলে সেইপ অনুযায়ী রডকে বাঁকাতে হয় আর এই বাঁকানোর জন্য ওয়ার্ক বেঞ্চ এর প্রয়োজন তাই রডকে বাঁকানোর জন্য রডকে দুই জিগ এর মধ্যে ধরে রাখাই হলো ওয়ার্ক বেঞ্চ এর কাজ।

৩.৩ স্টিরাপ ও টাই তৈরী করার পদ্ধতি

ক. স্টিরাপ



স্টিরাপ হল একটি রিইনফোর্সড কংক্রিট কম্পোনেন্টে বারগুলি একটি বন্ধ লুপ যা মইন রিইনফোর্সমেন্টে বারগুলিকে একত্রে রাখে।



খ. স্টিরাপ এর প্রয়োজনীয়তা

- স্টিরাপি প্রধানত আরসিসি স্ট্রাকচারে প্রধান শক্তবৃদ্ধি রিবার গুলিকে একসাথে ধরে রাখতে ব্যবহৃত হয়।
- কলাম এবং বীমগুলিকে আটকানো থেকে আটকাতে এবং পার্শ্বীয় চাপগুলির প্রতিরোধে সহায়তা করার জন্য স্টিরাপগুলি প্রয়োজন (যেমন: ভূমকম্পের লোড)
- স্টিরাপগুলি শিয়ার ক্ষমতাকে আরও কাঁচকরভাবে নিয়ন্ত্রণ করতে ব্যবহৃত হয়।

গ. টাই এবং স্টিরাপের মধ্যে পাথক্য





<p>টাই এবং স্টিরাপের মধ্যে পাথক্য হলো এই এটা যখন কলামের জন্য ব্যবহার করা হয় তখন তাকে টাই বলে।</p>	<p>টাই এবং স্টিরাপের মধ্যে পাথক্য হলো এই এটা যখন বীমের জন্য ব্যবহার করা হয় তখন তাকে স্টিরাপ বলে।</p>
	

ঘ. স্টিরাপ অথবা টাই এর বাড়তি হক রাখার নিয়ম

স্টিরাপ এবং টাই এর বাড়তি হক রাখার নিয়ম হলো এই হকটি রডের সাইজ এর উপর নির্ভর করে যেমন রডের সাইজ যদি ১০ মিলিমিটার হয় তাহলে হকটির দৈর্ঘ্য হবে ১০ ডি। এবং ইটর কোণ ১৩৫ ডিগ্রী হয়ে থাকে।

ঙ. স্টিরাপ অথবা টাই এর বাড়তি হক রাখার প্রয়োজনীয়তা

স্টিরাপ অথবা টাই এর বাড়তি হক রাখার প্রয়োজন হলো যদি কখনও ভূমিকম্প তেরী হয় অথবা টানপোড়ন হয় তখন যাহাতে সহজে মেইন রড গুলো থেকে স্টিরাপ অথবা টাই রড গুলো সহজে খুলে না যায় সেই জন্য স্টিরাপ অথবা টাই এর জন্য বাড়তি হক এর প্রয়োজন।

চ. স্টিরাপ মাকিং পদ্ধতি

স্টিরাপ মাকিং করতে স্টিরাপ এর রড নিয়ে আসতে হবে এবং রড আসার পরে ড্রইং এ উল্লেখিত মাপ অনুযায়ী রড মাকিং করতে হয়। স্টিরাপ এবং টাই এর রড কাটার হিসাব স্টিরাপ এবং টাই এর রড কাটার হিসাব বীম এবং কলামের সাইজের উপর নির্ভর করে স্টিরাপ এবং টাই এর সাইজ বাহির করার যিম হলো। বীম সাইজ যদি (১২ ইঞ্চি X ১০ ইঞ্চি) হয় তাহলে স্টিরাপের সাইজ হবে -বীমের কভারিং ১.৫ ইঞ্চি করে চতুর দিক থেকে বাদ যাবে এর সাথে হক যোগ হবে এবং- টোটাল বেন্ড লেনথ বাদ যাবে।

ছ. স্টিরাপ তৈরীর প্রক্রিয়া


- ড্রইং দেখে বীমের সাইজ নির্ধারণ করতে হবে
- ড্রইং দেখে বীমের রডের সাইজ নির্ধারণ করতে হবে

- ডুইং দেখে রড সংগ্রহ করে মেজারমেন্ট করতে হবে
- মেজারমেন্ট এর জায়গা চিহ্নিত করতে হবে
